

## মাইক্রোবায়োলজি বিভাগের উদ্যোগে মেডিক্যাল ল্যাবরেটরির মান নিয়ন্ত্রণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর মাইক্রোবায়োলজি বিভাগের উদ্যোগে “কোয়ালিটি কন্ট্রোল ইন মেডিক্যাল ল্যাবরেটরি এন আপডেট ” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। আজ মঙ্গলবার ৯ জানুয়ারি ২০১৮, সকালে এ বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিল্টন হলে অনুষ্ঠিত কর্মশালার প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। মাইক্রোবায়োলজি এন্ড ইমিউনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. হুমায়ুন সান্তারের সভাপতিত্বে বক্তব্য রাখেন ওই বিভাগের সিনিয়র শিক্ষক ও সাবে উপ-উপাচার্য অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, অধ্যাপক ডা. আহমেদ আবু সালেহ, এ্যাপোলো হাসপাতালের ল্যাবরেটরি মেডিসিন বিভাগের কোয়ালিটি ম্যানেজার ডা. মোঃ ইব্রাহীম প্রমুখ। এতে মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ডা. শারমিন আহমেদ, অধ্যাপক ডা. শিরিন তরফদার প্রমুখসহ সারাদেশ, থেকে আগত ৬০ জন মাইক্রোবায়োলজিস্ট ছাড়াও ভাইরোলজিস্টবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় মাইক্রোবায়োলজি বিভাগের ল্যাবরেটরির স্যাম্পল কালেকশন থেকে শুরু করে ল্যাবরেটরি বিভিন্ন পরীক্ষা ও রিপোর্টের গুণগত মান নিশ্চিত করা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয় এবং পরীক্ষার বিভিন্ন পর্যায়ে ভুলত্রুটি ও সংশোধনের বিষয়ে নতুন কিছু তথ্য নিয়ে সাজানো হয়।